

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَحَبُّ الْبِلَادِ إِلَى الله أسواقها» . رَوَاهُ مُسلم الْبِلَاد إِلَى الله أسواقها» . رَوَاهُ مُسلم

বাংলা

৬৯৬-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর নিকট সকল জায়গা হতে মাসজিদই হলো সবচেয়ে প্রিয়, আর বাজার সবচেয়ে ঘৃণ্য স্থান। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৬৭১, সহীহ ইবনু হিব্বান ১৬০০, সহীহ আল জামি ১৬৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: মাসজিদ হলো আনুগত্যের ও তারুওয়ার ঘর, রহমাত অবতীর্ণ হওয়ার জায়গা ও আল্লাহর নৈকট্য লাভের স্থান। পক্ষান্তরে বাজার হলো শায়ত্বনের (শয়তানের) কার্যক্রমের স্থান। লোভ, লালসা, খিয়ানাত, ধোঁকা, ঠকানো, সুদ, মিথ্যা কসম করা, ওয়া'দা ভঙ্গ, ফিতনাহ (ফিতনা) ও উদাসীনতার ক্ষেত্র।

আলোচ্য হাদীস দ্বারা উদ্দেশ্য হচ্ছে ভালোবাসা এবং ক্রোধ- যা সে দু' স্থানে সংঘটিত হয়।

কেউ কেউ বলেনঃ উল্লিখিত হাদীসের অর্থ হচ্ছে যারা মাসজিদসমূহে অবস্থান করে, তারা আল্লাহর নিকট অধিক প্রিয় তাদের চেয়ে যারা মাসজিদ ছাড়া অন্যান্য স্থানে অবস্থান করে। কেননা ভালোবাসা হচ্ছে প্রতিদান দেয়া এবং সরাসরি মাসজিদসমূহকে প্রতিদান দেয়ার কোন অর্থ হয় না। সুতরাং উদ্দেশ্য হচ্ছে আল্লাহর যিকিরের (জিকিরের) জন্য মসজিদে অবস্থানকারী অথবা ই'তিকাফকারী অথবা অন্যান্য কাজের জন্য। সুতরাং প্রশংসা দ্বারা উদ্দেশ্য হচ্ছে আল্লাহর হক যেখানে প্রতিষ্ঠা করে এর বিপরীতটাকে নিন্দা করা হয়েছে।



ইমাম নাবাবী বলেনঃ আল্লাহর পছন্দ ও ঘৃণা বলতে তাঁর কল্যাণ ও অকল্যাণ করার ইচ্ছা। যে ভাগ্যবান তার সাথে কল্যাণের আর যে হতভাগা তার সাথে অকল্যাণের ইচ্ছা করেন। আর মাসজিদসমূহ রহমাত নাযিল হওয়ার স্থান আর বাজারসমূহ এর বিপরীত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন